



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩



বাউবি/এসএসএস/বিবিএ(বাংলা মাধ্যম)/ভর্তি বিজ্ঞপ্তি/০১(৩৯)/২০১৯/৩৮৫

| | |
|---|-------------------|
| বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | তারিখ: ১৬/০৩/২০২০ |
| বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের | ১৬/৩/২০২০ |
| স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | |
| স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | |
| স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | |
| স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ | |

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট,
কুমিল্লা, বগুড়া, ময়মনসিংহ, রংপুর, ফরিদপুর, যশোর।

বিষয় : বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ভর্তির জন্য উদ্বুদ্ধকরণ কর্মসূচী গ্রহণ করা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র ওপেন স্কুল পরিচালিত বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রাম ২০২০ ব্যাচের ১ম ভর্তি কার্যক্রম ২৮/০২/২০২০ তারিখ থেকে শুরু হয়েছে (সংযুক্ত)। আধুনিক অফিস ব্যবস্থাপনা এবং কর্পোরেট বাণিজ্যের যুগে লাগসই প্রোগ্রাম হিসেবে বাংলা মাধ্যমে পরিচালিত বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে ভর্তির ব্যাপারে শিক্ষার্থীদের মধ্যে যথেষ্ট আত্মহীনতা লক্ষ্য করা যাচ্ছে। আপনার আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন স্টাডি সেন্টারে ওপেন স্কুল পরিচালিত বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে শিক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য কিছু দিকনির্দেশনা প্রদান করা হচ্ছে। যেমন :

১. ভর্তি সংক্রান্ত তথ্য দিয়ে স্থানীয় পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
২. বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি যারা শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধি করতে আত্মহীন তাদের জন্য এ প্রোগ্রামটির উপকারিতা তুলে ধরে লিফলেট আকারে পত্রিকা হকারের মাধ্যমে বিতরণের ব্যবস্থা করা (কমপক্ষে ২,০০০ কপি)।
৩. প্রোগ্রামটির গুরুত্ব তুলে ধরে বিভিন্ন কলেজ ও জনবহুল বাণিজ্যিক এলাকায় আর্কষণীয় ব্যানার স্থাপন করা।
৪. স্থানীয় ভিডিও চ্যানেলে ফ্রল নিউজ হিসেবে ভর্তি সংবাদ প্রচার করা।
৫. স্থানীয় সংবাদপত্রে বিভিন্ন ধরনের উদ্বুদ্ধকরণ শ্লোগানসহ ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করা।
৬. বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের জন্য অনুমোদিত কলেজ ছাড়াও স্থানীয় বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও শিক্ষকদের কাছে ভর্তির সংক্ষিপ্ত তথ্য দিয়ে পত্র প্রেরণ করা।
৭. বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের সমন্বয়কারী ও টিউটরদের নিয়ে সভার আয়োজন করা ও তাদের পরামর্শ গ্রহণ করা।
৮. বর্তমান চাকরির বাজারে নিজেকে একজন যোগ্য ও দক্ষ জনশক্তি বা মানবসম্পদ হিসেবে গড়ে তোলার জন্য এ প্রোগ্রামটির উপকারিতার বিষয়ে ছোট লিটারেচার তৈরি করে লিফলেট আকারে বিতরণ করা।
৯. নিম্নোক্ত টেক্সট ম্যাসেজটি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মোবাইলে প্রেরণ করা।

“বাউবি পরিবারে স্বাগতম। ওপেন স্কুল পরিচালিত
বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রাম ২০২০ ব্যাচের
আবেদনের শেষ তারিখ ২৮ এপ্রিল, ২০২০ পর্যন্ত।”
বিস্তারিত : www.bou.edu.bd

(ড. আনিস রহমান)
পরিচালক

এসএসএস বিভাগ

সংযুক্তি : বিবিএ (বাংলা মাধ্যম) ২০২০ ব্যাচের ভর্তি বিজ্ঞপ্তি।

সদয় অবগতি জন্য অনুলিপি :

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি'র অনলাইনে প্রদর্শনের জন্য অনুরোধ করছি)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপচার্যের দপ্তর, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংরক্ষণ নথি।